

১০/১০

স্মারক নং-সএক/০৮

তারিখ: ২৬.০৪.২০২৬ খ্রি.

২০২৩-২০২৪ শিক্ষাবর্ষে প্রিলিমিনারী টু মাস্টার্স (নিয়মিত) প্রোগ্রামে ২য় পর্যায়ে অনলাইন প্রাথমিক আবেদন সম্পর্কিত জরুরি বিজ্ঞপ্তি

সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে যে, ২০২৩-২০২৪ শিক্ষাবর্ষে প্রিলিমিনারী টু মাস্টার্স (নিয়মিত) শ্রেণিতে ভর্তি প্রক্রিয়ার সকল কার্যক্রম অনলাইনে সম্পন্ন হবে। ভর্তির জন্য জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃক ভর্তি সম্পর্কিত নির্দেশিকায় বিবৃত সকল শর্ত মেনে অনলাইন ফরম পূরণ করতে হবে।

ভর্তি বিষয়ক ওয়েব সাইট: www.nu.ac.bd/admissions

আবেদনের সময় সূচি ও করণীয়

অনলাইনে আবেদন ফরম পূরণ ও প্রিন্ট কপি সংগ্রহের তারিখ ২৩/০৪/২০২৬ থেকে ০৩/০৫/২০২৬

পে-স্লিপসহ আবেদন ফরম জমাদানের তারিখ ২৬/০৪/২০২৬ থেকে ০৩/০৫/২০২৬

\* আবেদনকারীকে প্রিন্ট করা প্রাথমিক আবেদনের ফরম নির্ধারিত স্থানে তারিখসহ স্বাক্ষর করে স্বাক্ষরিত আবেদন ফরম ও আবেদন ফি বাবদ পরিশোধিত ১০০০/- টাকার পে-স্লিপ কলেজ চলাকালে প্রত্যেক দিন সকাল ১০.০০ থেকে বেলা ১.০০ পর্যন্ত মাস্টার্স ভর্তি কমিটির নিকট জমা দিতে হবে (সরকারি ছুটির দিন ব্যতিত)।

\* ১ম পর্যায়ে যে সকল শিক্ষার্থী প্রাথমিক আবেদন করেছে, সে সকল শিক্ষার্থীর ২য় পর্যায়ে আবেদন করার প্রয়োজন নেই।

\* ২য় পর্যায়ে আবেদনকারী প্রার্থীদের সরাসরি কোন মেধা তালিকা দেয়া হবে না। তবে তাদের মেধা তালিকায় স্থান পেতে অবশ্যই রিলিজ স্লিপের মাধ্যমে তিনটি কলেজে বিষয় নির্ধারণ করে আবেদন করতে হবে।

\* নিশ্চয়নের এসএমএস না পেলে প্রিলিমিনারী টু মাস্টার্স (নিয়মিত) কমিটির সাথে যোগাযোগ করতে হবে।

ক) জাতীয় বিশ্ববিদ্যালয় অধীনে ২০১৯ থেকে ২০২৩ সাল পর্যন্ত ৩ (তিন) বছর মেয়াদী স্নাতক (পাস) নিয়মিত পরীক্ষায় সনাতন পদ্ধতিতে ন্যূনতম ৪৫% নম্বর অথবা গ্রেডিং ও ক্রেডিট পদ্ধতিতে ন্যূনতম সিজিপিএ ২.২৫ প্রাপ্ত পরীক্ষার্থীরা আবেদন করতে পারবে।

এছাড়া আবেদনকারীর প্রিলিমিনারী টু মাস্টার্স (নিয়মিত) প্রোগ্রামে ভর্তি বিষয়ে সনাতন পদ্ধতিতে ৪০০ নম্বরের মধ্যে ন্যূনতম ৪০% নম্বর অথবা গ্রেডিং ও ক্রেডিট পদ্ধতিতে পঠিত বিষয়ে ২৪ ক্রেডিটের মধ্যে ন্যূনতম জিপিএ ২.০ পেতে হবে।

খ) জাতীয় বিশ্ববিদ্যালয় স্নাতক (পাস) প্রাইভেট/সার্টিফিকেট কোর্স পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থীরা ২০২৩-২০২৪ শিক্ষাবর্ষে প্রিলিমিনারী টু মাস্টার্স (নিয়মিত) প্রোগ্রামে আবেদন করতে পারবে না। তবে এ সকল শিক্ষার্থী পরবর্তীতে ২০২৩-২০২৪ শিক্ষাবর্ষে প্রিলিমিনারী টু মাস্টার্স (প্রাইভেট) প্রোগ্রামে আবেদনের যোগ্যতা ও শর্তাবলী পূরণ সাপেক্ষে রেজিস্ট্রেশন করার সুযোগ পাবে।

গ) জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে ২০১৯ থেকে ২০২৩ সাল পর্যন্ত চার বছর মেয়াদী স্নাতক (সম্মান) পরীক্ষায় ডিগ্রী পাস প্রাপ্ত শিক্ষার্থীরা প্রিলিমিনারী টু মাস্টার্স (নিয়মিত) প্রোগ্রামে আবেদন করতে পারবে না। তবে এ সকল শিক্ষার্থী সার্টিফিকেট কোর্স পরীক্ষায় অংশগ্রহণ করে ন্যূনতম ৪৫% নম্বর অথবা জিপিএ ২.২৫ পেলে প্রিলিমিনারী টু মাস্টার্স (প্রাইভেট) প্রোগ্রামে রেজিস্ট্রেশনের জন্য আবেদন করতে পারবে।

ঘ) জাতীয় বিশ্ববিদ্যালয় থেকে মাস্টার্স ১ম পর্ব/ প্রিলিমিনারী টু মাস্টার্স (নিয়মিত/প্রাইভেট) পরীক্ষায় উত্তীর্ণ/অধ্যয়নরত অথবা অন্য কোন শিক্ষা কার্যক্রমে বর্তমানে অধ্যয়নরত কোন শিক্ষার্থী ২০২৩-২০২৪ শিক্ষাবর্ষে প্রিলিমিনারী টু মাস্টার্স (নিয়মিত) প্রোগ্রামে আবেদন করতে পারবে না। এ লক্ষ্যে “জাতীয় বিশ্ববিদ্যালয়/যে কোন বিশ্ববিদ্যালয়ের অধীনে অন্য কোন শিক্ষা কার্যক্রমে বর্তমানে আমি ভর্তি/অধ্যয়নরত নই। দ্বৈত ভর্তির ক্ষেত্রে বিশ্ববিদ্যালয়ের বিধান অনুযায়ী উভয় ভর্তি ও রেজিস্ট্রেশন বাতিল সংক্রান্ত সিদ্ধান্ত আমি মেনে নিতে বাধ্য থাকবো”- মর্মে আবেদনকারীর স্বাক্ষরিত একটি অঙ্গীকারনামা অনলাইন আবেদনে স্ক্যান করে আপলোড করতে হবে। উক্ত শর্ত ভঙ্গ করে কোন শিক্ষার্থী দ্বৈত ভর্তি হলে তার উভয় ভর্তি ও রেজিস্ট্রেশন বাতিল বলে গণ্য হবে।

ঙ) প্রাথমিক আবেদন ফরমে প্রার্থীর কোন তথ্য/ছবি অসত্য, ভুল বা অসম্পূর্ণ বলে প্রমাণিত হলে তার আবেদন ফরম/ভর্তি বাতিল করার অধিকার জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ সংরক্ষণ করে।

সরকারি এডওয়ার্ড কলেজে ২০২৩-২০২৪ শিক্ষাবর্ষে প্রিলিমিনারী টু মাস্টার্স (নিয়মিত) ২য় পর্যায়ে ভর্তির প্রাথমিক আবেদন ফি এর টাকা জমাদানের পদ্ধতি:

\* Visit to <https://edwardcollege.eshiksabd.com>

\* Fill Up:

\* Username: edwardstudent

\* Password: edwardstudent

\* Click On: Apply for Application From

\* Fill Up:

Student application group	NU adm. Roll/application ID	Student Name	Mobile Number

\* Click On: Student

\* Go to Bkash/Rocket/Nagad Apps

\* Select: Education fee

\* Select: Govt Edward College Pabna

\* Pay 1000/-

\* Save & Print Receipt Copy

প্রতিস্বাক্ষর

(প্রফেসর মো.লুৎফর রহমান)

অধ্যক্ষ

২৬.০৪.২০২৬

(প্রফেসর মো: জয়নাল আবেদীন)

বিভাগীয় প্রধান, পদার্থবিজ্ঞান বিভাগ

ও

আহবায়ক

প্রিলিমিনারী টু মাস্টার্স (নিয়মিত) ভর্তি কমিটি (২০২৩-২৪)